



কিশোরীদের প্রজনন স্বাস্থ্য এবং পরিবেশ সুরক্ষায় অন্য উদ্যোগ

ইয়ুথ এন্ডিং হাঙ্গার রাজশাহী সিটি ইউনিটের "Reproductive Health Awareness" সামাজিক উদ্যোগটি মূলত কাজ করে রাজশাহী শহরের প্রান্তিক জনগোষ্ঠীর বয়ঃসন্ধীকালীন কিশোরীদের প্রজনন স্বাস্থ্যসেবা সম্পর্কে সচেতনতা তৈরির জন্য। করোনভাইরাস সংক্রমণের ফলে দেশে বিদ্যমান অবস্থায় অধিকাংশ পরিবার কর্মহীন হয়ে পড়েছে। খোঁজ নিয়ে জানা যায় যে, শহরের প্রাণকেন্দ্রে অবস্থিত বিভিন্ন নিম্নআয়ের অনেক পরিবার কিশোরী মেয়েদের প্রজনন স্বাস্থ্য সুরক্ষা সামগ্রীর ক্রয়ক্ষমতা হারিয়েছে। কিশোরীদের এই দুর্যোগপূর্ণ সময়ে প্রজনন স্বাস্থ্য এবং তা সম্পর্কিত সুরক্ষা যেনো বিঘ্নিত না হয় সেজন্য গত ২৫ জুন তারিখে তরুণ স্বেচ্ছাব্রতী নেতারা তাদের কাছে প্রয়োজনীয় সামগ্রী পৌঁছে দেওয়ার উদ্যোগ গ্রহণ করে।

এই সামাজিক উদ্যোগকে বেগবান রাখতে 'ব্যালকনি' নামে আরেকটি উদ্যোগ গ্রহণ করা হয়। যেখানে পরিবেশ সুরক্ষায় ইয়ুথ লিডাররা



নিজেদের উৎপাদিত এবং সংগৃহীত বিভিন্ন গাছের চারা গ্রাহকদের কাছে পৌঁছে দিয়ে তার লভ্যাংশ দিয়ে এই সামাজিক উদ্যোগকে সচল রাখছেন। এই সামাজিক উদ্যোগকে সচল রাখতে সমাজের আরও অনেক সমমনা ব্যক্তি এগিয়ে এসে ইয়ুথ লিডারদের সার্বিকভাবে সহযোগিতা করে চলেছেন।

নিরাপত্তা প্রহরীদের পাশে দাঁড়িয়েছে স্বেচ্ছাব্রতী তরুণরা

ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ রাজশাহী সিটি ইউনিটের চারজন ইয়ুথ লিডারের উদ্যোগে রাজশাহী মহানগরের রাজশাহী কোর্ট, মনিচত্বর থেকে আলুপট্টি, রেলগেট এবং লক্ষ্মীপুর এলাকার এটিএম বুথের নিরাপত্তা প্রহরীদের মাঝে গত ৮ জুলাই উপহার হিসেবে হ্যান্ড



স্যানিটাইজার বিতরণ করা হয়। এসময় ইয়ুথ লিডাররা তাদের বর্তমান অবস্থা এবং স্বাস্থ্যসুরক্ষায় করণীয় বিষয়ে আলোচনা করেন। এই ঝুঁকিপূর্ণ সময়ে দায়িত্ব পালনের জন্য নিরাপত্তা প্রহরীদের ধন্যবাদ জানান রাজশাহীর এই স্বেচ্ছাব্রতী তরুণরা।



করোনাসহিষ্ণু এলাকা গড়তে ভূমিকা রাখছে রাজশাহীর ইয়ুথ লিডাররা

রাজশাহীর মোহনপুর উপজেলার বাকশিমইল ইউনিয়নের ইয়ুথ লিডার নাইম ইয়ুথ এন্ডিং হাঙ্গার এর একজন নিবেদিত সদস্য হিসেবে করোনাসহিষ্ণু এলাকা গড়ার জন্য মানুষকে সচেতন করার কাজ করছেন। ইউনিয়নের পরিজন পাড়া গ্রামের বাজারে পরিচ্ছন্নতা বজায় রাখা এবং স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য সবাইকে উদ্বুদ্ধ করতে তার নেতৃত্বে গত ৫ জুলাই ইয়ুথ এন্ডিং হাঙ্গারের স্থানীয় ইয়ুথ লিডার মুস্তাফিজ, মামুন, ইয়ামিন, সাগর, আনোয়ারুল ও মনোয়ার অংশগ্রহণে প্রচারণা চালানো হয়। তারা বাজারের ব্যবসায়ী এবং এলাকাবাসীদেরকে করোনভাইরাস থেকে সুরক্ষার জন্য পরিচ্ছন্নতা, নিয়ম মেনে হাত ধোয়া, শারীরিক দূরত্ব বজায় রাখা ও বাইরে গেলে মাস্ক পরার গুরুত্ব অবহিত করেন।

একইসাথে কেউ অসুস্থবোধ করলে কোথায় যোগাযোগ করতে হবে সে বিষয়েও তথ্য দেন। তাদের প্রচারণায় উদ্বুদ্ধ হয়ে ব্যবসায়ী এবং এলাকাবাসীরা এখন স্বাস্থ্যবিধি মেনে চলছেন।



উপদেষ্টা: ড. বদিউল আলম মজুমদার, নাহিমা আজার জলি
সম্পাদক: শশাঙ্ক বরণ রায়, আমজাদ হোসেন রাজিব
প্রকাশনায়: ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ
সহযোগিতায়: দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ

yeh.bd@thp.org
www.yeh.thpbd.org | thpbd.org
facebook.com/YEHBD

হেডাফিস: হাইটস, ২/২, মিরপুর রোড, (লেভেল-৪)
ব্লক-এ, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।
ফোন: ৯১৩-০৪৯৯, ৯১২-২০৮৬

THE HUNGER PROJECT